

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৪৩

২৬/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/৪০. সোনার আংটি পরা নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ خَاتَمِ الذَّهَبِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ، عَنِ الْحَسَنِ بْنِ سُهَيْلٍ، عَنِ الْبُنِ عُمَرَ، قَالَ نَهَى رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَنْ خَاتَمِ الذَّهَبِ .

বাংলা

২/৩৬৪৩। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সোনার আংটি পরা নিষিদ্ধ করেছেন।

English

It was narrated that Ibn 'Umar said:

"The Messenger of Allah (ﷺ) forbade gold rings."

ফুটনোট

আহমাদ ৬৩৭৬, আদাব্য যিফাফ ১২৫, মুখতাসারুশ শামাইল ৮৪। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইয়াযীদ বিন আবু যিয়াদ সম্পর্কে আহমাদ বিন সালিহ তাকে সিকাহ বললেও ইয়াহইয়া বিন মাঈন ও আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আবু যুরআহ আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যাবে কিন্তু দলীল হিসেবে গ্রহন করা গ্রহণযোগ্য নয়। আহমাদ বিন হাম্বল বলেন, কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৯৯১, ৩২/১৩৫ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু ইয়াযীদ বিন আবু যিয়াদ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৮৪০ টি শাহিদ হাদিস রয়েছে, ২৩০ টি খুবই দুর্বল, ১৩৬ টি দুর্বল, ১৪৬ টি হাসান, ৩২৮ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৫৪২৬, ৫৬৩৩, ৫৬৫০, ৫৮২৮, ৫৮৩০, ৫৮৩২, ৫৮৩৩, ৫৮৩৪, ৫৮৬৪, মুসলিম ৪৮০, ৪৮২, ৪৮৩, ২০৬৮, ২০৬৯, ২০৭০, ২০৭১, ২০৭৬, ২০৭৯, তিরমিযি ১৭২১, ১৭২৫, ১৭৩৭,



১৭৩৮, ২৮১৭, আবু দাউদ ৯০৮, ৪০৪২, ৪০৪৪, ৪০৫১, ৪০৫৫, দারিমী ১৩২৬, মুয়াত্তা মালিক ১৭৭, আহমাদ ৯৩, ১২৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন